যুগান্তর

01 DEC 2013 ... 2 ... ৬

# রাজধানীর সরকারি স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু আজ

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর ২৪টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ শুরু হচ্ছে আজ। ৯ ডিসেম্বর পর্যন্ত ফরম বিতরণ করা হবে। ঢাকার এসব বিদ্যালয় নিয়ন্ত্রিত ব্যবস্থার এবং মানসম্মত শিক্ষাদানের বিবেচনায় নগরীর অভিভাবকদের কাছে অতি আকর্ষণীয় হিসেবে বিবেচিত হয়ে আসছে। সে কারণে আজ থেকে ফরম কেনা নিয়ে অভিভাবকদের ভিড় জমার কথা। তবে অবরোধ কর্মসূচির কারণে নানা সংশয়ের কথা জানিয়েছেন অভিভাবকরা। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন বলেছেন, ফরম বিতরণের সময়সূচি এখন পর্যন্ত তারা অপরিবর্তিত রেখেছেন। কেননা, ফরম কেনায় শিশুদের যাতায়াত করতে হয় না। এ কারণে তাতে কোনো পরিবর্তন আনা হয়নি। তবে শেষের দিকে যদি দেখা যায়, গত বছরের চেয়ে ফরম বিক্রি কম হয়েছে, সে ক্ষেত্রে সময় বৃদ্ধির বিষয়টি ভেবে দেখা হবে। ফরমের দাম যথারীতি এবারও ১০০ টাকা করা হয়েছে। ফরম বিতরণ শেষে ১৯, ২০ ও ২১ ডিসেম্বর ভর্তি পরীক্ষা নেয়া হবে।

এবারও যথারীতি রাজধানীর ২৪টি স্কুলকে 'ক' 'খ' ও 'গ' এই তিন ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। তিন গ্রুপের স্কুলের পরীক্ষা হবে উল্লেখিত তিন দিন। আর প্রথম শ্রেণীতে ভর্তি নয়, হবে লটারি। অন্য ক্লাসে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি ও গণিত এই তিন বিষয় থাকবে। এরমধ্যে গণিত ৪০ নম্বরের। বাকি দুটি ৩০ নম্বর করে। সব স্কুলেই সব শ্রেণীতে ভর্তি করা হবে না। এক্ষেত্রে আসন থাকার বিষয়টি বিবেচনায় থাকবে। কোনো স্কুলে প্রথম শ্রেণীতে আবার কোনো স্কুলে তৃতীয় বা ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করা হবে শিক্ষার্থী। ২৪টির মধ্যে মাত্র ১৩টি স্কুলে প্রথম শ্রেণী রয়েছে।

উল্লেখ্য, সারা দেশে মোট সরকারি মাধ্যমিক বিদ্যালয় ৩১৭টি। এর মধ্যে ঢাকার বাইরে ২৯২টিসহ অন্যান্য বেসরকারি স্কুলেও ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। যদিও রাজধানীর স্কুলের একই নীতিমালায় ঢাকার বাইরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে, তবে ডিসিদের নেতৃত্বে গঠিত ভর্তি কমিটি নীতিমালার আলোকে তাদের সুবিধামতো সময়ে ভর্তি কার্যক্রম শেষ করতে পারবে। মাউশি মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন বলেন, এবারের নীতিমালা প্রায় গত বছরেরই অনুরূপ। শুধু সরকারি কর্মকর্তাদের সন্তানদের 'ডিয়েন' ভর্তির (বাবার বদলিজনিত কারণে ফের আগের প্রতিষ্ঠানে ভর্তি) ক্ষেত্রে সামান্য সুবিধা বেড়েছে। এটি ঢাকাসহ সাত মহানগরীর ক্ষেত্রে প্রযোজ্য হবে। তিনি বলেন, ঢাকা মহানগরী এলাকায় শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিভিন্ন বিষয় তদারকির জন্য মাউশি মহাপরিচালকের নেতৃত্বে ১৩ সদস্যের একটি কমিটি করা হবে।